দৈনিক DAINIK DESTINY

# ডেসটিনি

ঢাকা শনিবার
২৩ জানুয়ারি ২০১০
১০ মাঘ ১৪১৬
৬ সফর ১৪৩১
চতুর্থ বর্ষ সংখ্যা ১৯৮
রেজি. নং-ডিএ-৫০০১

১৬ পৃষ্ঠা ৭ টাকা

পথ অনেক আমরা সত্যের পথে

ন্দ্রের বইপড়া কর্মসূচি

## ় মানুষ হওয়ার ল ওরা

সকাল। ঢাকা মহানগরীর হাজারো শিক্ষার্থীর অভিভাবকসহ এসেছে। তাদের অবয়বেও ত্যেকের হাতে বই। নতুন বই। পাঠ্যবই নয়, হাজার পড়ুয়ার মাঝ থেকে বিজয়ী হয়ে তারা কাল শুক্রবার বিশ্বসাহিত্য কেন্দ্রের আয়োজনে সূচির মূল্যায়নপর্বে কৃতিত্ব প্রদর্শনকারী ার বিতরণী উৎসবের প্রথম দিনে এমন ছবি হয় বিজয়ী বিশেষ ছয়জনকে সার্কভুক্ত দেশ ত পারে বিশেষ ছয়- এই জল্পনা কল্পনাতে

ায়োজন করে ৫ হাজার ৩৬২ জনকে পুরস্কৃত াতকাল দুই অধিবেশনে মহানগরীর ৪৯টি জনকে পুরস্কার দেয় বিশ্বসাহিত্য কেন্দ্র। প্রথম জার ৮০১৬ জন এবং দ্বিতীয় অধিবেশনে ২৪টি



## ঢাবিতে ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস, আটক ২

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ২০০৯-১০ শিক্ষাবর্ষের ব্যাচেলর অব এডুকেশন (আইইআর) সম্মান ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় পরীক্ষা স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এই প্রথম প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় পরীক্ষা স্থগিত করা হলো। তবে স্থগিত পরীক্ষা আগামী ৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। এ ঘটনার মূল হোতা দুইজনকে ইতিমধ্যে আটক করেছে পুলিশ। এরা হলো- বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষের ছাত্র সুমন (ম্যানেজমেন্ট) এবং একই বর্ষের ছাত্র টিটু (রাষ্ট্রবিজ্ঞান)।

এদিকে এ ঘটনায় ইনস্টিটিউটের অধ্যাপক দেলোয়ার হোসেনকে আহ্বায়ক করে চার সদস্যের একটি

নির্মাণ করা হয়েছে তোরণ, ফুটবল মাঠকে সাজানো হয়েছে অপরূপ সাজে। কঠোর নিরাপত্তার চাদরে ঘিরে ফেলা হয়েছে আমলা সদরপুরকে। অনুষ্ঠানকে কেন্দ্র করে এ অঞ্চলের মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। এরপর এমপি হাসানুল হক ইনু সদরপুর ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ও আমলা মুক্তিযোদ্ধা কার্যালয়ের শুভ উদ্বোধন করেন।

কাউন্সিলরের দেয়া প্রকাশ্য হত্যার হুমকিতে পিনাকী দাস ও তার পরিবার চরম নিরাপত্তাহীনতায় রয়েছেন বলে পিনাকী দাস প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেছেন।

নদীর দুই তীরে দিনব্যাপী চলে কীর্তনসহ ধর্মীয় সংগীতের অনুষ্ঠান। এ ছাড়াও আশ্রম প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় কালীপূজা।

গঙ্গাস্নানকে ঘিরে নদীর দুতীরে বসে



*নরসিংদী : অনুষ্ঠানের সভাপতির হাত থেকে সম্মাননা পুরস্কার গ্রহণ করছেন মাদ্রাসার প্রধান শিক্ষক হাজি মাও. মো. ফরিদ উদ্দিন* -ডেসটিনি

## পুরস্কার পেল পাঁচদোনা তাহফিজুল কোরআন মাদ্রাসা

নরসিংদী প্রতিনিধি

নরসিংদী সদর উপজেলার পাঁচদোনা পূর্ববাজার তাহফিজুল কোরআন মাদ্রাসার প্রধান শিক্ষক ও দুই ছাত্র আ. রাজ্জাক অ্যান্ড শামসুন্নাহার ট্রাস্ট ফর এডুকেশন পুরস্কার পেয়েছে। গত বুধবার রাতে মাদ্রাসা প্রাঙ্গণে বাৎসরিক ওয়াজ মাহফিলে এ পুরস্কার প্রদান করা হয়। যুক্তরাষ্ট্র প্রবাসী বিজ্ঞানী শামসুন্নাহার কর্তৃক পরিচালিত আ. রাজ্জাক অ্যান্ড শামসুন্নাহার ট্রাস্ট ফর এডুকেশন প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রতি বৎসর দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের মেধাবী ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের উৎসাহ দেয়ায় জন্য এ সম্মাননা পুরস্কার প্রদান করে থাকে। এরই অংশ হিসেবে মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে পাঁচদোনা তাহফিজুল কোরআন মাদ্রাসার প্রধান শিক্ষক হাজী মাও. মো. ফরিদ উদ্দিন, মাদ্রাসার বাৎসরিক পরীক্ষার ফলাফলে প্রথম স্থান অধিকারী ৭ম শ্রেণীর ছাত্র মো. নুরুল ইসলাম ও ২য় স্থান অধিকারী ৮ম শ্রেণীর ছাত্র মো. নাসির উদ্দিনকে ট্রাস্টের পক্ষ থেকে নগদ টাকা ও সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানের সভাপতি আলহাজ জাকির হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ সময় মাদ্রাসার পরিচালক আলহাজ আ. গফুর, ট্রাস্টের নির্বাহী সদস্য মঈন উদ্দিন ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরে রাতব্যাপী ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়।

## রাজাকারদের তালিকা করতে হবে

— সৈয়দা সাজেদা চৌধুরী

মো. আলমগীর হোসেন, *ফরিদপুর*

সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী বলেছেন, ৭২-এ ভুল হয়েছিল রাজাকারদের তালিকা না করে। এখন মুক্তিযোদ্ধাদের তালিকা না করে রাজাকারদের তালিকা করতে হবে। যারা বয়সে ইয়ং তারা প্রত্যেক পাড়ায় যেয়ে রাজাকারদের খোঁজ নিবে। তিনি আরো বলেন, কেউ

তিনি আরো বলেন, যারা রাজাকারদের গাড়িতে স্বাধীন দেশের পতাকা তুলে দিয়েছে তাদেরও বিচার করা হবে এ দেশে। জ্যোতি বসুর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি এ দেশের সন্তান। এ দেশের প্রতি তার শ্রদ্ধা ছিল। শেখ হাসিনাকে তিনি কন্যাতুল্য ভালোবাসতেন। আমরা দুটি দেশ ঠিকই কিন্তু আমার নেতার কথা কারো সঙ্গে দ্বন্দ্ব নয়,

## ঝিনাইদহে কিশোরের লাশ উদ্ধার

ঝিনাইদহ প্রতিনিধি

গতকাল শুক্রবার দুপুর ঝিনাইদহ শহরের সুপার সুইট হোটেলের পিছনের ডোবা থেকে শিমুল সাহা (১৩) নামের এক কিশোরের উদ্ধার লাশ করেছে স্থানীয় জনতা। তবে ঘটনাটি হত্যা না অন্য কোনো কারণে ঘটেছে তা পুলিশ নিশ্চিত করতে পারেনি। পুলিশ জানায়, গত ১৫ জানুয়ারি ঝিনাইদহ শহরের